

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০১.১৮-২৫২২


তারিখঃ ০৪ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
১৯ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের স্মারক নং- চমেকহা/এও/আউট-সোর্সিং(পরিচ্ছন্নতা কর্মী)/২০১৯/৯৩২৬, তারিখঃ ০২/১০/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তরধীন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম কার্যালয়ে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে নিয়োক্ত তথ্যাদি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

- (ক) প্রস্তাবিত পদসমূহ রাজস্বখাতে সৃজনকৃত পদ কিনা;
- (খ) প্রস্তাবিত পদসমূহ রাজস্বখাতভুক্ত পদ হলে পদ সৃজন/সংরক্ষণের জিও (অর্থ মন্ত্রণালয় কর্তৃক পৃষ্ঠাংকিত);
- (গ) মোট ৪র্থ শ্রেণির অনুমোদিত, কর্মরত ও শূন্য পদের সংখ্যা এবং পদ শূন্যের কারণ;
- (ঘ) প্রস্তাবিত পদসমূহ সৃজন করা না থাকলে প্রতিটি পদের ক্ষেত্রে সেবা ক্রয়ের যৌক্তিকতা। যৌক্তিকতা প্রাসঙ্গিক হতে হবে;
- (ঙ) প্রস্তাবিত পদসমূহে জনবল কর্মরত আছে কিনা।


(শাহিনা খাতুন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

পরিচালক
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল
চট্টগ্রাম।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।